গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সিআরভিএস অধিশাখা
www.cabinet.gov.bd

**বিষয়ঃ সিআরভিএস বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব মোঃ কামাল হোসেন, সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ।
সময় : ২৫ মে ২০২১ সকাল: ১১:০০ ঘটিকা
স্থান : অনলাইন।

**অনলাইন উপস্থিতি: পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বাংলাদেশে সিআরভিএস-এর বিভিন্ন কার্যক্রমের সমন্বয় সাধন করা হয়। নিজ নিজ বিভাগ/দপ্তর/সংস্থাসমূহ তাদের একে অপরের সহযোগিতার মাধ্যমে সিআরভিএস এর কার্যক্রমকে ত্বরান্বিত করবেন মর্মে সভাপতি আশাবাদ ব্যক্ত করেন। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব (সমন্বয়) কে সভাপতি অনুরোধ করেন। অতিরিক্ত সচিব (সমন্বয়) গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতিসহ আলোচ্যসূচি অনুসারে উপস্থাপনা প্রদানের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের উপসচিব, সিআরভিএস অধিশাখাকে অনুরোধ করেন।

০২। উপসচিব (সিআরভিএস) তার উপস্থাপনায় উল্লেখ করেন যে গত ১৬ ফেব্রুয়ারি ২০২১ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সকল সদস্যের নিকট প্রেরণ করা হয়েছে। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন এবং পরিমার্জন থাকলে তা জানানোর জন্য উপস্থিত সকল সদস্য কে অনুরোধ করা হয়। কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে উপস্থিত সদস্যগণ অভিমত প্রকাশ করে।

**সিদ্ধান্ত:** ২.১। সিআরভিএস বাস্তবায়ন কমিটির গত সভার কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে উপস্থিত সদস্যগণ অভিমত প্রকাশ করায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকৃত করা হয়।

**০৩। আলোচ্যসূচি-০২: গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।**

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন |
|---|---|---|
| ১। | ৪.১। বিবাহ ও তালাক নিবন্ধনের আইসিটি অবকাঠামো উন্নয়ন" সংক্রান্ত প্রকল্পের আওতায় সফটওয়্যার তৈরির সময় সংশ্লিষ্ট সকল স্টেকহোল্ডারদের সাথে ইন্টিগ্রেশনের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য নিয়োগকৃত ভেন্ডরকে আইন ও বিচার বিভাগ প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে এবং ইন্টিগ্রেশনের বিষয়টি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের এটুআই প্রকল্প নিশ্চিত করবে। | মন্ত্রিপরিষদ বিভাগ থেকে গত ১১ মে ২০২১ তারিখের ১১১ নম্বর স্মারকে তাগিদ পত্রের মাধ্যমে আইন ও বিচার বিভাগকে অবহিত করা হয়েছে। আইন ও বিচার বিভাগের প্রতিনিধি সভায় জানান যে করোনা পরিস্থিতির কারণে বর্ণিত প্রকল্পটি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা সম্ভব হয়নি। প্রকল্প অনুমোদন হলে বর্ণিত সিদ্ধান্ত বাস্তবায়ন করা হবে মর্মে আইন ও বিচার বিভাগের প্রতিনিধি সভায় জানান। |

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন |
|---|---|---|
| ২। | ৪.২। প্রাথমিক পর্যায়ের শিক্ষার্থীদের প্রোফাইল প্রণয়নের সময় তথ্য হার্ড কপিতে গ্রহণ না করে Application Software বা App (অনলাইন ও অফলাইন সুবিধাসহ) ব্যবহার করে সরাসরি এন্ট্রি করার বিষয়ে মহাপরিচালক প্রাথমিক শিক্ষা অধিদপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। প্রয়োজনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের এটুআই প্রকল্পের পরামর্শ গ্রহণ করবে। | বর্ণিত সিদ্ধান্তের আলোকে শিক্ষার্থীদের তথ্য সংগ্রহ ফরম ছাড়াই সরাসরি অ্যাপ্লিকেশন সফটওয়্যার ব্যবহার করে তথ্য সংগ্রহের নিমিত্ত প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের নির্দেশক্রমে প্রকল্প পরিচালক ফর্ম মুদ্রণ স্থগিত রেখেছেন। |
| ৩। | ৪.৩। সিআরভিএস সংক্রান্ত স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত অনুসারে জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৮ এর সংশোধন সংক্রান্ত কার্যক্রম আগামী এপ্রিল ২০২১ এর মাঝামাঝি সময়ের মধ্যে সম্পন্ন করার বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | বর্ণিত সিদ্ধান্তের আলোকে জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা ২০১৮ সংশোধনের জন্য গত ২১-০৩-২০২১ ইং তারিখে স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব-মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব-কে আহবায়ক করে এ বিষয়ে একটি কমিটি গঠন করা হয়। গত ১৮-০৪-২০২১ তারিখে জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা-২০১৮ সংশোধনের জন্য গঠিত কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়। |
| ৪। | ৪.৪। প্রাইভেসি এবং ডাটা সিকিউরিটির বিষয়টি নিশ্চিত করার জন্য BDRIS সিস্টেমটি বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল থেকে টেস্ট করার বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | সিকিউরিটি টেস্টিং করণের জন্য বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলকে ০৮-০৪-২০২১ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে এবং BDRIS সফটওয়্যারের টেস্ট এনভায়রনমেন্ট তৈরি করা হয়েছে। সভায় বিসিসি এর পক্ষ থেকে জানানো হয় যে উক্ত টেস্টিং কার্যক্রম সম্পন্ন করে সংশ্লিষ্ট দপ্তরকে অবহিত করা হয়েছে। |
| ৫। | ৪.৫। রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় কর্তৃক জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত ডাটা Deduplication করার Methodology সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের নিয়ে এপ্রিল ২০২১ এর মধ্যে একটি কর্মশালা আয়োজনের মাধ্যমে নির্ধারণ করবে। | করোনা পরিস্থিতির কারণে সংশ্লিষ্ট বিষয়ে নির্ধারিত সময়ে সভা আয়োজন করা সম্ভব হয়নি, তবে আগামী জুলাই-২০২১ এর দ্বিতীয় সপ্তাহে উক্ত কর্মশালা আয়োজন করা হবে মর্মে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় সভাকে জানান। |
| ৬। | ৪.৬। BDRIS সিস্টেমটি বুঝে নেয়ার জন্য গঠিত টেকনিক্যাল টিম এর মতামতের ভিত্তিতে অতিদ্রুত Reve System এর সাথে ORG এর চুক্তি নবায়নের জন্য রেজিস্ট্রার জেনারেল জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | BDRIS সিস্টেম এর ডেভলপকরণের চলমান কার্যক্রম আগামী ৩০-০৫-২০২১ তারিখ শেষ হবে এবং সিস্টেমটির টেস্টিং এর কার্যক্রম সম্পন্ন হলে রিভ সিস্টেম লিঃ এর চুক্তি নবায়নের ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় সভাকে জানান। |

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন |
|---|---|---|
| ৭। | ৪.৭। সিআরভিএস ইনইকুয়েলিটি এসেসম্যান্ট এর বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় এর নেতৃত্বে গঠিত কমিটি আগামী মার্চ ২০২১ এর মধ্যে একটি আউটলাইন দিবে। সেই আউটলাইন অনুসরণপূর্বক স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত অনুসারে সিআরভিএস ইনইকুয়েলিটি এসেসম্যান্ট সম্পন্ন করতে হবে। | "সিআরভিএস ইনইকুয়েলিটি এসেসমেন্ট" এর বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের যুগ্মসচিব ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ুন কবীরকে আহবায়ক করে একটি কমিটি গঠন করা হয়েছে যার কার্যক্রম চলমান। আউটলাইন প্রতিবেদন পাওয়া যায়নি। |
| ৮। | ৪.৮। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের eMIS এর তথ্যের সাথে BDRIS এর ইন্টিগ্রেশন সম্পন্ন করার জন্য দুই পক্ষের মধ্যে একটি সমঝোতা স্মারক আগামী মার্চ ২০২১ এর মাঝামাঝি সময়ের মধ্যে স্বাক্ষরের বিষয়ে পরিবার পরিকল্পনা অধিদপ্তর এবং রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | সংশ্লিষ্ট বিষয়ে সমঝোতা স্মারক সম্পাদনের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগ হতে অনুমোদন পাওয়া গিয়েছে। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর সমঝোতা স্মারক অনুমোদনের জন্য স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে পত্র প্রেরণ করেছে। সংশ্লিষ্ট বিভাগের অনুমোদন পেলে শীঘ্রই সমঝোতা স্মারক স্বাক্ষর কার্যক্রম সম্পন্ন হবে মর্মে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের প্রতিনিধি সভাকে জানান। |
| ১০। | ৫.১.১। CRVS Strategic Action Plan প্রণয়নের জন্য সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত KPI Bangladesh Country Team এর সভায় পর্যালোচনাক্রমে প্রেরণ করতে হবে। | CRVS Strategic Action Plan প্রণয়নের জন্য সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত KPI সংশ্লিষ্ট সভায় পর্যালোচনাক্রমে WHO-SEARO এর নিকট প্রেরণ করা হয়েছে। |
| ১১। | ৫.২.১। সিআরভিএস সংক্রান্ত প্রকল্পের ৪র্থ পর্যায় গ্রহণের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সিআরভিএস অধিশাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | সিআরভিএস সংক্রান্ত প্রকল্পের ৪র্থ পর্যায়ের intervention, activity, এবং action নির্ধারণ করার নিমিত্ত একাধিক সভা করা হয়েছে। |
| | ৫.২.২। সিআরভিএস সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/প্রকল্পের কর্মকর্তা ও কনসাল্ট্যান্টদের নিয়ে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক দিনব্যাপী একটি কর্মশালা আয়োজন করবে। | আইন ও বিচার বিভাগের বিবাহ ও তালাক সংক্রান্ত প্রকল্পটি গ্রহণের পর এ সংক্রান্ত কর্মশালা আয়োজন করা হবে। |

**০৪। আলোচ্যসূচি-০৩: বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সিআরভিএস সম্পর্কিত কার্যক্রমের অগ্রগতি সংক্রান্ত আলোচনা:**

আইন ও বিচার বিভাগ এর "সিভিল রেজিস্ট্রেশন এন্ড ভাইটাল স্ট্যাটিসটিক্স: বিবাহ ও তালাক নিবন্ধনের আইসিটি অবকাঠামো উন্নয়ন" সংক্রান্ত প্রকল্প প্রস্তাব আগামী ৭ দিনের মধ্যে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হবে মর্মে আইন ও বিচার বিভাগের প্রতিনিধি সভায় জানান। আলোচনায় অংশগ্রহণ করে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের এটুআই প্রকল্পের পলিসি এডভাইজার জনাব আনীর চৌধুরি জানান যে প্রকল্প গ্রহণে অনেক সময় চলে গেছে এবং প্রকল্প প্রস্তাব এখনো যেহেতু অনুমোদন হতে অনেক সময় লাগবে। সে কারণে বিকল্প হিসাবে বিবাহ ও তালাক নিয়ে পূর্বে যে সফটওয়্যারটি পাইলটিং হয়েছে সেটি আরো কয়েকটি জেলায় দ্রুত পাইলটিং করার বিষয়ে তিনি মতামত প্রদান করেন। এ বিষয়ে আইন ও বিচার বিভাগ সংশ্লিষ্ট স্টেকহোল্ডারগণের সমন্বয়ে একটি কর্মশালা আয়োজন করার উপর সভার সদস্যগণ একমত পোষণ করেন।

সিআরভিএস সংক্রান্ত প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক গৃহীত প্রকল্পে শিক্ষার্থীদের প্রোফাইল প্রণয়ন সংক্রান্ত ফরমের তথ্য সফটওয়্যার ব্যবহার করে সংগ্রহ করা হবে এবং প্রকল্পটি ডিসেম্বর ২০২১ এ শেষ হবে বিধায় প্রকল্পের সমুদয় কর্মকান্ড সমাপ্তির জন্য তার এক্সটেনশন করা প্রয়োজন হবে মর্মে প্রকল্প পরিচালক সভায় জানান। আলোচনায় অংশগ্রহণ করে মন্ত্রিপরিষদ বিভাগের যুগ্মসচিব, ই-গভর্ন্যান্স অধিশাখা সভায় জানান যে উক্ত সফটওয়্যার ডেভেলপম্যান্ট এর সময় এন্ড্রয়েড এবং আইওএস দুই প্লাটফর্মে যাতে চলে সে বিষয়ে খেয়াল রাখতে হবে তাছাড়া সরকারি সকল ডাটাবেইজ সরকারের সার্ভারে রাখতে হবে এবং তার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে তার জন্য পে করতে হবে। সেজন্য প্রকল্প এক্সটেনশন/রিভাইজ করার সময় বর্ণিত বিষয়সমূহ অন্তর্ভুক্ত করা বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।

রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন সভাকে অবহিত করেন যে সিআরভিএস সংক্রান্ত স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত অনুসারে জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৮ এর সংশোধন এর জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে তবে ইতোমধ্যে ইউনিসেফের সহায়তায় জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত একটি স্ট্র্যাটেজি তৈরির কার্যক্রম হাতে নেয়া হয়েছে যা শেষ হতে আরো ২-৩ মাস সময় লাগবে। স্ট্র্যাটেজিতে জন্ম ও মৃত্যু নিবন্ধন সহজীকরণসহ আরো কিছু বিষয় থাকবে যে গুলোকে বিধিমালায় অন্তর্ভুক্ত করে সংশোধন করা হবে। তবে জন্ম ও মৃত্যু সনদে ইউআইডি ব্যবহার, ব্যানবেইসকে ইউআইডিসহ স্টুডেন্টের প্রয়োজনীয় তথ্য সরবরাহ এবং অন্যান্য দপ্তর সংস্থার সাথে interoperability এবং integration স্থাপনের জন্য বিধিমালা সংশোধনের পূর্বে প্রশাসনিক আদেশ এর মাধ্যমে সমস্যার সমাধান হতে পারে মর্মে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন সভাকে জানান।

**সিদ্ধান্ত:** ৪.১। বিবাহ ও তালাক নিয়ে পূর্বে যে সফটওয়্যারটি স্বল্প পরিসরে পাইলটিং হয়েছিল সেটি আরো কয়েকটি জেলায় দ্রুত পাইলটিং করার বিষয়ে আইন ও বিচার বিভাগ সংশ্লিষ্ট স্টেকহোল্ডারগণের সমন্বয়ে একটি কর্মশালা আয়োজন করতে পারে।

**সিদ্ধান্ত:** ৪.২। সিআরভিএস সংক্রান্ত প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক গৃহীত প্রকল্পের আওয়তায় শিক্ষার্থীদের প্রোফাইল প্রণয়ন সংক্রান্ত সফটওয়্যার ডেভেলপম্যান্ট এর সময় এন্ড্রয়েড এবং আইওএস দুই প্লাটফর্মে যাতে চলে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে এবং সংশ্লিষ্ট ডাটাবেইজ সরকারের সার্ভারে রাখার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে পেমেন্ট সংক্রান্ত বিষয়টি রিভাইজড ডিপিপিতে অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**সিদ্ধান্ত:** ৪.৩। জন্ম ও মৃত্যু সনদে ইউআইডি ব্যবহার, ব্যানবেইসকে ইউআইডিসহ স্টুডেন্টের প্রয়োজনীয় তথ্য সরবরাহ এবং অন্যান্য দপ্তর সংস্থার সাথে interoperability এবং integration স্থাপনের জন্য বিধিমালা সংশোধনের পূর্বে প্রশাসনিক আদেশ এর মাধ্যমে সমস্যার সমাধান করার বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**০৫।** পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

মোঃ কামাল হোসেন
সচিব, সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ।